55

দৈনিক ইত্তেফাক

তারিখ 25 JAN 1996
পৃষ্ঠা ১২ কলাম ৭

## বেসরকারী শিক্ষকদের ক্ষেত্রে কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত

গতকাল (বুধবার) শিক্ষক সমিতি ফেডারেশনের চেয়ারম্যান শেখ আমানুল্লাহ ও মহাসচিব অধ্যক্ষ কাজী ফারুক আহমেদের নেতৃত্বে ১৫ সদস্যের একটি প্রতিনিধি দল শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব শহীদুল আলমের সহিত এক বৈঠকে মিলিত হন। এই সময় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষামন্ত্রণালয়ের সাম্প্রতিক জারিকৃত জনবল কাঠামোতে বেসরকারী শিল্প প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার নূতন বিধান সংশোধন করিয়া পূর্বের অবস্থা বিদ্যমান থাকিবে এবং গত ২৪শে অক্টোবরের পূর্বে নিয়োগকৃত এবং এমপিও ভুক্ত যেসকল শিক্ষকের বেতন বন্ধ করা হইয়াছে তাহা ছাড় হইবে এবং নিবন্ধন ত্রুটিজনিত কারণে যে সকল প্রধান শিক্ষক ও অধ্যক্ষের বিরুদ্ধে শাস্তিমূলক বেতন বন্ধ করা হইয়াছে তাঁদের বেতন ছাড় করার বিষয় পুনঃবিবেচনা করা হইবে। ইহা ছাড়া বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসা শিক্ষকদের জন্য অবসর পরিকল্প ও কল্যাণ ট্রাষ্ট চালু সংক্রান্ত অধ্যাদেশ ইতিমধ্যে জারি হইয়াছে। ইহা-ছাড়া নূতন জনবল কাঠামো সংশোধন, ৮ বৎসর পূর্ণ হইলে সকল শিক্ষক-কর্মচারীকে টাইম স্কেল প্রদান, কল্যাণ ট্রাষ্ট ও অবসর ভাতা চালু, বেসরকারী কলেজ সহকারী অধ্যাপক ও অধ্যক্ষের পদ সৃষ্টি ইত্যাদি সমস্যা নিয়া আলোচনা করা হয়।

প্রতিনিধিদলে অন্যান্যের মধ্যে ফেডারেশন নেতা মোঃ শহীদুল্লাহ, মোঃ সেলিম ভুঁইয়া, অধ্যাপক আলী আকবর খান ডলার, অধ্যাপক মোঃ শাহজাহান মিয়া, মোঃ তোয়াহা মিয়া প্রমুখ ছিলেন। —বিজ্ঞপ্তি